# AKASHVANI(AIR)
## RNU: KOLKATA
## Bengali Text Bulletin

**Date 19-06 2026 Time: 1.30 PM**

বিশেষ বিশেষ খবরঃ-

১। রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু বিশ্ব সিকেল সেল দিবস উপলক্ষ্যে মধ্যপ্রদেশের ওংকারেশ্বরে এক অনুষ্ঠানে যোগ দিয়েছেন।

২। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, ভারত বিশ্বের সমস্ত দেশের কাছে এক নির্ভরযোগ্য অংশীদার হিসেবে আত্মপ্রকাশ করেছে।

৩। আন্তর্জাতিক যোগ দিবসের প্রচারে আজ পশ্চিমবঙ্গের কলকাতায় ম্যারাথনের সূচনা করেন রাজ্যের মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। উপস্থিত ছিলেন আয়ুশ মন্ত্রকের দায়িত্বপ্রাপ্ত প্রতিমন্ত্রী প্রতাপ বাও যাদব।

৪। রাষ্ট্র সংঘের মানবাধিকার পরিষদে জম্মু কাশ্মীর নিয়ে পাকিস্তানের অভিযোগ খারিজ করল ভারত।

৫। ভারতের এলএনজি বহনকারী ট্যাঙ্কার ‘দিশা’ হরমুজ প্রণালী দিয়ে গুজরাতে পৌঁছেছে।

৬। বিশ্বকাপ ফুটবলে আজ মার্কিন যুক্তরাষ্ট্র, অস্ট্রেলিয়ার সঙ্গে এবং স্কটল্যান্ড, মরক্কোর বিরুদ্ধে খেলবে।

oooooooooooooooooooooooooo

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু 'জাতীয় সিকল সেল অ্যানিমিয়া নির্মূল প্রকল্প'-এর আওতায় মধ্যপ্রদেশ সরকারের অর্জিত সাফল্যের ভূয়সী প্রশংসা করেন। তিনি বলেন, এই প্রকল্পের অধীনে মধ্যপ্রদেশ বিভিন্ন ক্ষেত্রে উল্লেখযোগ্য অগ্রগতি অর্জন করেছে। ২০২৩ সালে এই জাতীয় প্রকল্প শুরুর সময় বড় আকারের স্ক্রিনিং বা রোগ নির্ণয় পরীক্ষার যে লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছিল, তা নির্ধারিত সময়ের আগেই অর্জিত হয়েছে বলেও শ্রীমতী মুর্মু উল্লেখ করেন। রাষ্ট্রপতি মুরমু আজ মধ্যপ্রদেশের খান্ডওয়া জেলার ওঙ্কারেশ্বরে আয়োজিত 'বিশ্ব সিকল সেল দিবস' উপলক্ষ্যে আয়োজিত রাজ্য-স্তরের এক অনুষ্ঠানে যোগ দেন। সেখানে রাজ্যপাল মঙ্গুভাই প্যাটেল এবং মুখ্যমন্ত্রী ডঃ মোহন যাদব, রাষ্ট্রপতিকে স্বাগত জানান।

আধিকারিকরা, রাষ্ট্রপতিকে স্ক্রিনিং কর্মসূচি, জেনেটিক কাউন্সেলিং পরিষেবা, বিনামূল্যে চিকিৎসার সুবিধা, এবং প্রকল্পের আওতায় ডিজিটাল প্ল্যাটফর্ম ও ভবিষ্যৎ পরিকল্পনা সম্পর্কে অবহিত করেন।

সফরের পরবর্তী পর্যায়ে রাষ্ট্রপতি ওড়িশার রাইরংপুরে যাবেন, যেখানে তাঁর বেশ কয়েকটি উন্নয়ন প্রকল্পের উদ্বোধন করার কথা রয়েছে।

oooooooooooooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, ভারত বিশ্বের সকল দেশের কাছে একটি নির্ভরযোগ্য অংশীদার হিসেবে উঠে এসেছে। গতরাতে প্যারিসে প্রবাসী ভারতীয়দের উদ্দেশ্যে তিনি বলেন, এক সময় বিভিন্ন দেশের মধ্যে সম্পর্ক কেবল বাণিজ্যের ওপর ভিত্তি করে নির্ধারিত হতো; কিন্তু বর্তমানে বাণিজ্যের পাশাপাশি পারস্পরিক আস্থাও সমান গুরুত্বপূর্ণ হয়ে উঠেছে।

(বাইট – মোদী)

প্রধানমন্ত্রী আরও বলেন, ভারত এমন বহু ক্ষেত্রে বিনিয়োগ করছে যা আগামী প্রজন্মের জন্য অর্থনৈতিক বৃদ্ধি, উদ্ভাবন ও নতুন সুযোগের পথ প্রশস্ত করবে।

oooooooooooooooooooooooo

আন্তর্জাতিক যোগ দিবসের প্রচারে যে একাধিক কর্মসূচির অঙ্গ হিসেবে আজ সকালে 'রান ফর যোগা' ম্যারাথন দৌড়ের আয়োজন করা হয়। কলকাত্য পুরসভার সামনে থেকে এই ম্যারাথনের সূচনা করেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। এই কর্মসূচির থিম হল 'দৌড় সে ধ্যান'। মুখ্যমন্ত্রী ছাড়াও আয়ুষ মন্ত্রকের স্বাধীন দায়িত্বপ্রাপ্ত প্রতিমন্ত্রী প্রতাপ রাও যাদব,পুরমন্ত্রী অগ্নিমিত্রা পাল, ক্রীড়ামন্ত্রী ইন্দ্রনীল খান সহ মন্ত্রিসভার একাধিক সদস্য এই ম্যারাথনে অংশ নেন। ম্যারাথন শেষে যোগাসনে অংশ নেন মুখ্যমন্ত্রী। আয়ুষ মন্ত্রকের স্বাধীন দায়িত্বপ্রাপ্ত প্রতিমন্ত্রী প্রতাপ রায় যাদব ম্যারাথনে অংশগ্রহণকারী সকল কলকাতাবাসীকে শুভেচ্ছা জানান।

(বাইট – প্রতাপরাও)

মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী বলেন,যোগ দিবসের মূল অনুষ্ঠান হবে একুশে জুন রেড রোডে। সেখানে প্রধানমন্ত্রীর নরেন্দ্র মোদী নেতৃত্ব দেবেন। এই উপলক্ষে সারা শহরে স্বচ্ছতা অভিযান কর্মসূচির মাধ্যমে প্রধানমন্ত্রীকে স্বাগত জানানো হবে। অতীতের যোগ দিবসের সব রেকর্ড ভেঙে দিয়ে কলকাতা সবার প্রথমে থাকবে এবং একটি ঐতিহাসিক রেকর্ড গড়ে তুলবে বলে মুখ্যমন্ত্রী আশা প্রকাশ করেন । মুখ্যমন্ত্রী জানান,রেড রোডে প্রায় ৩৫ হাজার মানুষ অংশ নিতে পারবেন। এছাড়াও কলকাতা শহরের ১৪৫টি ওয়ার্ড এবং রাজ্যের সর্বত্র মানুষকে যোগ দিবসে অংশ নিয়ে নতুন রেকর্ড তৈরি করার জন্য মুখ্যমন্ত্রী সবাইকে আবেদন জানান।

oooooooooooooooooooooooo

রেল, তথ্য ও সম্প্রচার এবং বৈদ্যুতিন ও তথ্য প্রযুক্তি মন্ত্রী অশ্বিনী বৈষ্ণ আজ একদিনের সফরে বিহারে যাচ্ছেন। শ্রী বৈষ্ণ পাটনা ও ছাপরায় আয়োজিত বিভিন্ন কর্মসূচিতে অংশ নেবেন। শ্রী বৈষ্ণ পাটনায় অবস্থিত সফটওয়্যার টেকনোলজি পার্কস অফ ইন্ডিয়া-STPI পরিদর্শন করবেন। এরপর কেন্দ্রীয় মন্ত্রী ছাপরা রেলওয়ে স্টেশন থেকে ছাপরা-দিল্লি এক্সপ্রেস ট্রেনের যাত্রার সূচনা করবেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাষ্ট্রসংঘের মানবাধিকার পরিষদের ৬২ তম অধিবেশনে জম্মু ও কাশ্মীর নিয়ে পাকিস্তানের অভিযোগ ভারত দৃঢ়ভাবে প্রত্যাখ্যান করেছে। অধিবেশনে বক্তব্য রাখার সময় রাষ্ট্রসংঘে ভারতের স্থায়ী মিশনের ফার্স্ট সেক্রেটারি অনুপমা সিং জোর দিয়ে বলেন, জম্মু ও কাশ্মীর, ভারতের অবিচ্ছেদ্য অংশ ছিল, আছে এবং ভবিষ্যতেও থাকবে। পাকিস্তান তাদের অভ্যন্তরীণ সমস্যা এবং সন্ত্রাসবাদে সমর্থন থেকে দৃষ্টি সরানোর জন্য অপপ্রচারের আশ্রয় নিচ্ছে বলেও তিনি অভিযোগ করেন।
সিন্ধু জল চুক্তি প্রসঙ্গে তিনি বলেন, ১৯৬০ সালে স্বাক্ষরিত এই চুক্তিটি বর্তমান বাস্তবতার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ নয়। যে দেশ সন্ত্রাসবাদকে মদত দেয়, তারা সদিচ্ছা ও বন্ধুত্বের ওপর ভিত্তি করে গড়ে ওঠা সহযোগিতার সুফল আশা করতে পারে না।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

হরমুজ প্রণালী দিয়ে ভারতের তরলীকৃত প্রাকৃতিক গ্যাস-LNG পরিবহনকারী ট্যাঙ্কার 'দিশা' গুজরাতের দাহেজ বন্দরে এসে পৌঁছেছে। জাহাজটি কাতারের রাস লাফান টার্মিনাল থেকে ৬২ হাজার ৩ শো ৭০ মেট্রিক টন তরলীকৃত প্রাকৃতিক গ্যাস নিয়ে এসেছে। শিপিং কর্পোরেশন অফ ইন্ডিয়া-র নেতৃত্বাধীন একটি কনসোর্টিয়ামের পরিচালনায়, পেট্রোনেট LNG-র চার্টার করা এই জাহাজটি আজ সকালে দাহেজে পৌঁছয়। পশ্চিম এশিয়ায় ভূ-রাজনৈতিক উত্তেজনার মধ্যে এই জাহাজটির আগমন, দেশে LNG-র জোগান বাড়াতে এবং জ্বালানি সরবরাহ স্থিতিশীল রাখতে সহায়তা করবে।

উল্লেখ্য, গুজরাতের ভারুচ জেলায় অবস্থিত দাহেজ হলো ভারতের বৃহত্তম LNG আমদানি টার্মিনাল এবং দেশ জুড়ে প্রাকৃতিক গ্যাস বিতরণ শৃঙ্খলের একটি গুরুত্বপূর্ণ কেন্দ্র।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

সরকার ভিবি জি রাম জি আইন কার্যকর প্রক্রিয়ায় সহয়তার লক্ষ্যে দেশে জুড়ে একশর বেশি এরিয়া অফিসার নিযুক্ত করেছে। আগামী মাসের এক তারিখ থেকে এই আইন কার্যকরী হবে। গ্রামোন্নয়ন মন্ত্রকের পক্ষ থেকে ওই আধিকারিকদের জন্য একটি বিশেষ প্রশিক্ষণ কর্মসূচীর আয়োজন করা হয়েছিল। এতে আইনটির বৈশিষ্ট্য, পরিকাঠামো, প্রযুক্তি নির্ভর শাসন ব্যবস্থা নিয়ে আধিকারিকদের অবহিত করা হয়।

oooooooooooooooooooooooo

প্রধানমন্ত্রীর কার্যালয় বিষয়ক কেন্দ্রীয় প্রতিমন্ত্রী ডঃ জিতেন্দ্র সিং জানিয়েছেন, জম্মু ও কাশ্মীরের কাঠুয়া জেলা শীঘ্রই দিল্লি-অমৃতসর-কাটরা এক্সপ্রেস করিডোরের সঙ্গে যুক্ত হতে চলেছে। তিনি উল্লেখ করেন, স্থানীয় বাসিন্দা ও শিল্পকারখানাগুলোতে পরিচ্ছন্ন জ্বালানি সরবরাহের লক্ষ্যে এখানে একটি গ্যাস পাইপলাইন প্রকল্প রূপায়ণের পরিকল্পনাও রয়েছে। কাঠুয়া জেলার জাসরোটা এলাকায় আয়োজিত এক জনসভায় শ্রী সিং এ কথা বলেন। তিনি বলেন, নরেন্দ্র মোদী সরকারের গত ১২ বছরে, সারা দেশে প্রশাসন পরিচালনা, কর্মসংস্কৃতি ও উন্নয়নের ক্ষেত্রে আমূল পরিবর্তন এনেছে। তিনি, শাহপুর কান্দি প্রকল্প, উঝ বহুমুখী প্রকল্প এবং দিল্লি-অমৃতসর-কাটরা এক্সপ্রেসওয়ের মতো গুরুত্বপূর্ণ প্রকল্পগুলির ওপর বিশেষ আলোকপাত করেন।

oooooooooooooooooooooooo

ন্যাশনাল টেস্টিং এজেন্সি এনটিএ, নিট ইউজি পরীক্ষার্থীদের জন্য একটি সরকারি হোয়াটস্যাপ চ্যানেলের সূচনা করেছে। আগামী রবিবার এই পরীক্ষার দিন নির্ধারণ করা হয়েছে। এনটিএ স্পষ্ট করেছে, সমস্ত সরকারি হোয়াটস্যাপ বার্তা একমাত্র স্বীকৃত নম্বর ৭৮২৭৯৮০২৮৭ থেকে করা হবে। পরীক্ষার্থীদের ন্যাশনাল টেস্টিং এজেন্সির নামের পাশে নীল ভেরিফিকেশন টিক চিহ্ন দেখে নেওয়ার পরামর্শ দেওয়া হয়েছে। হোয়াটস্যাপ বার্তার মাধ্যমে পরীক্ষার্থীদের অ্যাডমিট পাঠানো হয়েছে বলে জানিয়েছে এনটিএ।

oooooooooooooooooooooooo

সোশ্যাল মাধ্যমে প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিংএর বিনিয়োগের সংক্রান্ত একটি প্ল্যাটফর্মের সমর্থন নিয়ে ভিডিও সম্প্রচারিত হচ্ছে তা ভুয়ো বলে জানিয়েছে সরকার। ভিডিওতে দেখা গেছে, এককালীন ২২ হাজার টাকা বিনিয়োগ করলে দিনে ৮০ হাজার টাকা পর্যন্ত আয় করা যাবে। এই ভিডিওটি AI দিয়ে তৈরি বলে নিশ্চিত করেছে প্রেস ইনফরমেশন ব্যুরোর ফ্যাক্ট চেক ইউনিট। সরকার এই ধরণের কোনও বিনিয়োগ প্রকল্প সমর্থন করেন না বলে পিআইবি স্পষ্ট জানিয়েছে। নাগরিকদের এই ধরণের ভিডিওর লিঙ্ক থেকে সতর্ক থাকতে পরামর্শ দিয়েছে পিআইবি।

oooooooooooooooooooooooo

ফুটবল বিশ্বকাপে আজ গ্রুপ এ-র ম্যাচে মেক্সিকো, দক্ষিণ কোরিয়াকে ১-০ গোলে হারিয়ে দিয়েছে। গুয়াদালাহারা স্টেডিয়ামে মেক্সিকোর হয়ে একমাত্র গোলটি করেন লুই রোমো। এই ম্যাচ জিতে মেক্সিকো রাউন্ড অফ ৩২ এ জায়গা করে নিয়েছে। বিশ্বকাপ ফুটবলে এদিকে কানাডা, কাতারকে ৬-০ গোলের বিরাট ব্যবধানে হারিয়ে দিয়েছে। কানাডার হয়ে হ্যাট্রিক করেন জোনাথন ডেভিড। অন্য ম্যাচে, সুইজারল্যান্ড, বসনিয়া হার্জেগোভিনা-কে ৪-১ গোলে হারিয়ে দিয়েছে। এছাড়া, চেক প্রজাতন্ত্র ও দক্ষিণ আফ্রিকার মধ্যে ম্যাচটি ১-১ গোলে ড্র হয়।

সিয়াটেল স্টেডিয়ামে গ্রুপ ডি-র ম্যাচে আজ মুখোমুখি হবে মার্কিন যুক্তরাষ্ট্র, অস্ট্রেলিয়া। খেলা শুরু হবে ভারতীয় সময় আজ রাত সাড়ে ১২ টায়।

অন্যদিকে গ্রুপ সি-র খেলায়, ফক্সবরো স্টেডিয়ামে, ভারতীয় সময় আজ রাত সাড়ে ৩ টেয়, স্কটল্যান্ড, খেলবে মরক্কোর বিরুদ্ধে।

oooooooooooooooooooooooo

oooooooooooooooooooooooo